E/Bibido Latter

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
উন্নয়ন-১ অধিশাখা
www.emrd.gov.bd

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৩০.১৬.০০৮.২২- ৪৯৭ তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯ / ১১ ডিসেম্বর ২০২২

বিষয়: **মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং এর জন্য গঠিত কমিটির নভেম্বর, ২০২২ মাসের প্রতিবেদন।**

সূত্র: প্রশাসন-২ অধিশাখার অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬, তারিখ: ২৫-০৭-২০২২।

উপর্যুক্ত বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং' কমিটির নভেম্বর, ২০২২ মাসের প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১১/১২/২০২২

(মোছা: লায়লাতুন ফেরদৌস)
উপসচিব
ফোন: ৯৫৫০৮৯৮
ইমেইল: emrd.dev1@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, কারওয়ান বাজার, ঢাকা
২। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
৪। ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল
৫। ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল
৬। প্রোগ্রামার,আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (প্রতিবেদন ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৩০.১৬.০০৮.২২- তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯ / ১১ ডিসেম্বর ২০২২

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। যুগ্মসচিব (অপারেশন-২ অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

(মোছা: লায়লাতুন ফেরদৌস)
উপসচিব

## মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং এর জন্য গঠিত কমিটির
## নভেম্বর, ২০২২ মাসের প্রতিবেদন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৫ জুলাই, ২০২২ তারিখের ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ সংখ্যক অফিস আদেশবলে **(সংযুক্তি-০১)** মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং এর জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি পুনর্গঠন করা হয়ঃ

১) জনাব মোঃ হুমায়ুন কবীর, অতিরিক্ত সচিব (পরিকল্পনা), জ্বাখসবি - আহ্বায়ক।
২) জনাব মোঃ জাকির হোসেন, যুগ্মসচিব (উন্নয়ন-২), জ্বাখসবি - সদস্য।
৩) মোছাঃ লায়লাতুন ফেরদৌস, উপসচিব (উন্নয়ন-১), জ্বাখসবি - সদস্য।
৪) জনাব ইকবাল হোসেন রবিন, ব্যবস্থাপক (ডিপিডি), পেট্রোবাংলা - সদস্য-সচিব।

কার্যপরিধি অনুযায়ী কমিটি মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন কার্যক্রমের ওপর প্রতিমাসে অন্তত একটি মনিটরিং প্রতিবেদন দাখিলসহ ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে।

### ২.০। উৎপাদন লক্ষ্যমাত্রাঃ

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর অন্যতম কৌশলগত উদ্দেশ্য 'জ্বালানির উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ' এবং এর পরিপ্রেক্ষিতে গ্যাস উৎপাদন কার্যক্রমের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, যাহা নিম্নরূপঃ

(ক) বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর আওতাধীন তিনটি জাতীয় গ্যাস উৎপাদন কোম্পানির মাধ্যমে সমন্বিত গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা **২২০.০০ বিলিয়ন ঘনফুট** (বিসিএফ) এবং

(খ) পেট্রোবাংলা'র সাথে আন্তর্জাতিক তেল কোম্পানি (আইওসি)-সমূহের স্বাক্ষরিত উৎপাদন বন্টন চুক্তি, তথা Production Sharing Contract (PSC)-এর আওতায় বাংলাদেশে কর্মরত কোম্পানিসমূহের পরিচালিত গ্যাসক্ষেত্রসমূহ হতে উৎপাদিত গ্যাসের উৎপাদন লক্ষ্যমাত্রা **৫০০.০০ বিলিয়ন ঘনফুট** (বিসিএফ)।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে গ্যাস উৎপাদনের উক্ত দু'টি **লক্ষ্যমাত্রা** স্বতন্ত্রভাবে নির্ধারণ করে আলাদা আলাদা মান নির্ধারণ করা হয়েছে।

### ৩.০। গ্যাস উৎপাদন কার্যক্রমের অগ্রগতিঃ

৩.১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আওতায় জাতীয় তিনটি গ্যাস কোম্পানির মাধ্যমে গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা **২২০.০০** বিসিএফ নির্ধারণ করা হয়েছে, যার দৈনিক গড় **০.৬০৩** বিসিএফ। এ প্রেক্ষিতে নভেম্বর, ২০২২ মাসে গ্যাস উৎপাদন হয়েছে **২৪.৯০৯ বিসিএফ**, যার দৈনিক গড় **০.৮৩০** বিসিএফ। অর্থাৎ নভেম্বর, ২০২২ মাসে দৈনিক গড়ের লক্ষ্যমাত্রার তুলনায় অধিক হারে গ্যাস উৎপাদিত হয়েছে। জাতীয় কোম্পানিসমূহের গ্যাসক্ষেত্র ভিত্তিক নভেম্বর, ২০২২ মাসের গ্যাস উৎপাদনের চিত্র নিম্নরূপঃ

এককঃ বিসিএফ

| ক্রমিক নম্বর | গ্যাসক্ষেত্রের নাম | উৎপাদনরত কূপসংখ্যা | গ্যাস উৎপাদন (নভেম্বর, ২০২২) | মন্তব্য |
|---|---|---|---|---|
| *বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স)* | | | | |
| ১। | সালদানদী | ৩ | ০.১১৯ | পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ০.২৯ বিসিএফ হ্রাস পেয়েছে (উল্লেখ্য দিনের সংখ্যা পূর্বের মাসের চেয়ে এক দিন কম)। |
| ২। | ফেঞ্চুগঞ্জ | ২ | ০.৩৭৫ | |
| ৩। | শাহবাজপুর | ৫ | ১.৭৫৫ | |
| ৪। | সেমুতাং | ১ | ০.০১৯ | |
| ৫। | শাহজাদপুর-সুন্দলপুর | ১ | ০.২৩৬ | |
| ৬। | শ্রীকাইল | ৪ | ১.২২৩ | |
| ৭। | বেগমগঞ্জ | ১ | ০.২৪২ | |
| **উপ-মোট গ্যাস উৎপাদন** | | **১৭** | **৩.৯৭** | |

এককঃ বিসিএফ

| ক্রমিক নম্বর | গ্যাসক্ষেত্রের নাম | উৎপাদনরত কূপ সংখ্যা | গ্যাস উৎপাদন (নভেম্বর, ২০২২) | মন্তব্য |
|---|---|---|---|---|
| *বাংলাদেশ গ্যাস ফিল্ডস লিঃ (বিজিএফসিএল)* | | | | |
| ৮। | তিতাস | ২২ | ১২.০৪ | পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ০.৭৩ বিসিএফ হ্রাস পেয়েছে (উল্লেখ্য দিনের সংখ্যা পূর্বের মাসের চেয়ে এক দিন কম) এবং ওয়েলহেড কম্প্রেসরের মাধ্যমে উৎপাদনের হার বজায় রাখা হচ্ছে। |
| ৯। | বাখরাবাদ | ৬ | ১.০৪ | |
| ১০। | হবিগঞ্জ | ৭ | ৪.৩০ | |
| ১১। | নরসিংদী | ২ | ০.৭৯ | |
| ১২। | মেঘনা | ১ | ০.০৯ | |
| | **উপ-মোট গ্যাস উৎপাদন** | **৩৮** | **১৮.২৬** | |
| *সিলেট গ্যাস ফিল্ডস লিঃ (এসজিএফএল)* | | | | |
| ১৩। | হরিপুর | ৩ | ০.১৫৬৪ | পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ০.১০৫৭ বিসিএফ হ্রাস পেয়েছে (উল্লেখ্য দিনের সংখ্যা পূর্বের মাসের চেয়ে এক দিন কম)। |
| ১৪। | কৈলাশটিলা | ৩ | ০.৯৯৫২ | |
| ১৫। | রশিদপুর | ৫ | ১.৩০৪১ | |
| ১৬। | বিয়ানীবাজার | ১ | ০.২২৩৩ | |
| | **উপ-মোট গ্যাস উৎপাদন** | **১২** | **২.৬৭৯০** | |
| | **সর্বমোট গ্যাস উৎপাদন (দেশীয়)** | **৬৭** | **২৪.৯০৯** | |


৩.২। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আওতায় বাংলাদেশে কর্মরত দুইটি আন্তর্জাতিক তেল কোম্পানির মাধ্যমে গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা **৫০০ বিসিএফ** নির্ধারণ করা হয়েছে, যার দৈনিক গড় **১.৩৭০ বিসিএফ**। এ প্রেক্ষিতে নভেম্বর, ২০২২ মাসে গ্যাস উৎপাদন হয়েছে **৪১.১৮১** বিসিএফ, যার দৈনিক গড় **১.৩৭৩** বিসিএফ। অর্থাৎ নভেম্বর, ২০২২ মাসে দৈনিক গড়ের লক্ষ্যমাত্রার তুলনায় অধিকহারে গ্যাস উৎপাদিত হয়েছে।

উৎপাদন বন্টন চুক্তি (পিএসসি)'র আওতায় বর্তমানে ২টি আইওসি'র মাধ্যমে পরিচালিত ৪টি গ্যাসক্ষেত্র হতে নভেম্বর, ২০২২ মাসের গ্যাস উৎপাদনের চিত্র নিম্নরূপ:


এককঃবিসিএফ

| ক্রমিক নম্বর | গ্যাসক্ষেত্রের নাম | উৎপাদনরত কূপ সংখ্যা | গ্যাস উৎপাদন (নভেম্বর, ২০২২) | মন্তব্য |
|---|---|---|---|---|
| *শেভরণ বাংলাদেশ লিঃ* | | | | |
| ১। | বিবিয়ানা | ২৬ | ৩৩.৮৩৮ | বিবিয়ানা গ্যাস ক্ষেত্রে Perforation কার্যক্রম চলমান থাকায় পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ২.৭৮২ বিসিএফ হ্রাস পেয়েছে। |
| ২। | জালালাবাদ | ৬ | ৫.৪২৯ | |
| ৩। | মৌলভীবাজার | ৪ | ০.৫০৭ | |
| | উপ-মোট গ্যাস উৎপাদন | ৩৬ | **৩৯.৭৭৪** | |
| *তাল্লো বাংলাদেশ লিঃ* | | | | |
| ৪। | বাঙ্গুরা | ৫ | ১.৪০৭ | পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ০.০৮ বিসিএফ হ্রাস পেয়েছে। |
| | **সর্বমোট গ্যাস উৎপাদন (আইওসি)** | **৪১** | **৪১.১৮১** | |

৩.৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত মনিটরিং কমিটির সদস্য ও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব (উন্নয়ন-২) জনাব মোঃ জাকির হোসেন সিলেট গ্যাস ফিল্ড লিমিটেট এর বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা (গ্যাস উৎপাদন ব্যবস্থাপনা, MSTE প্লান্টের কার্যক্রম ও গ্যাস উৎপাদন সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি) পরিদর্শন করেন। পরিদর্শনের কিছু স্থির চিত্র নিম্নে প্রদান করা হলঃ



হরিপুর গ্যাস ক্ষেত্র পরিদর্শন



কৈলাশটিলা গ্যাস ক্ষেত্রের MSTE প্লান্ট পরিদর্শন

৩.৪। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং' কমিটির একটি সভা ১১-১২-২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) দেশীয় ও আন্তর্জাতিক তৈল কোম্পানির নভেম্বর, ২২ মাসের গ্যাস উৎপাদনের দৈনিক গড় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর ২০২২-২৩ অর্থবছরের গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রার দৈনিক গড়ের চেয়ে বেশি এবং সচল উৎপাদন ব্যবস্থা বজায় রয়েছে। এ উৎপাদন ধারা বজায় রাখতে সকল গ্যাস উৎপাদন কোম্পানিকে যথাযথ ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণের জন্য পেট্রোবাংলা-কে নির্দেশনা প্রদান করা যেতে পারে।

(খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর ২০২২-২৩ অর্থবছরের গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে দেশীয় ও বাংলাদেশে কর্মরত আন্তর্জাতিক তৈল কোম্পানির সকল কার্যক্রম নির্দিষ্ট সময়ে সম্পাদনে সচেষ্ট থাকতে হবে এবং এ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের যথাযথ তদারকির মাধ্যমে কার্যক্রম পরিচালনার জন্য পেট্রোবাংলা-কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের নির্দেশনা প্রদান করা যেতে পারে।

(গ) ক্রমবর্ধমান গ্যাস চাহিদার নিরসনকল্পে নিরবচ্ছিন্ন উৎপাদন ব্যবস্থা বজায় রাখাসহ ভবিষ্যৎ গ্যাস উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা গ্রহণের লক্ষ্যে স্ব-স্ব গ্যাস উৎপাদন কোম্পানিকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পেট্রোবাংলা-কে নির্দেশনা প্রদান করা যেতে পারে।

11/12/2022
প্রকৌ. ইকবাল হোসেন রবিন
ব্যবস্থাপক (ডিপিডি)
পেট্রোবাংলা

১১/১২/২০২২
মোছাঃ লায়লাতুন ফেরদৌস
উপসচিব (উন্নয়ন-১)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১১-১২-২০২২
মোঃ জাকির হোসেন
যুগ্মসচিব (উন্নয়ন-২)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১১/১২/
মোঃ হুমায়ুন কবীর
অতিরিক্ত সচিব (পরিকল্পনা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ